



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০



বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক অধস্তন আদালতসমূহে সহায়ক কর্মচারী নিয়োগ সংক্রান্ত কার্যক্রমের
সংক্ষিপ্ত বিবরণী :

গত ০৬.১০.২০২৫ তারিখে 'জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯' এবং 'জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮' সংশোধন করে জেলা জজ ও অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহে বিভিন্ন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে 'বাছাইকারী কর্তৃপক্ষ' হিসাবে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনকে দায়িত্ব প্রদান করা হয়েছে। সংশোধনী কার্যকর হওয়ার তারিখে নিয়োগকারী কর্তৃপক্ষের অধীনে চলমান কোনো সরাসরি নিয়োগের কার্যক্রমে লিখিত পরীক্ষা গ্রহণ সম্পন্ন না হলে আবেদনপত্রসমূহ ও সংশ্লিষ্ট কাগজাদি ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে কমিশন সচিবালয় বরাবর প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। এর প্রেক্ষিতে সারাদেশের বিভিন্ন আদালত হতে শূন্যপদের তালিকা এবং চলমান নিয়োগ সংক্রান্ত আবেদনপত্র ও যাবতীয় কাগজপত্র কমিশন সচিবালয়ে প্রেরণ করা হয়। কমিশন এই নিয়োগ কার্যক্রম নিম্নোক্ত ০২ ভাগে বিভক্ত করে সম্পন্ন করছে-

১। বিভিন্ন অধস্তন আদালত কর্তৃক ২০১৩ সাল হতে প্রকাশিত বিজ্ঞপ্তির বিপরীতে প্রাপ্ত পেন্ডিং আবেদনপত্র : বিভিন্ন আদালত হতে প্রাপ্ত প্রায় ৬৩,০০০ এর অধিক হাতে লিখিত আবেদনপত্র স্ক্যানিং এবং সফটওয়্যার এর মাধ্যমে ডিজিটালি রূপান্তর করে অনলাইনে প্রবেশপত্র ইস্যু, এসএমএস প্রেরণসহ আনুষঙ্গিক কাজ সম্পাদন করা হয়েছে। এই কাজটি শ্রমসাধ্য ও সময়সাপেক্ষ ছিল। প্রয়োজনীয় পরীক্ষা গ্রহণান্তে কমিশন কর্তৃক নিম্নছকে উল্লিখিত ৮টি পদের বিপরীতে যোগ্য প্রার্থী সুপারিশ করা হয়েছে :

ক্রম	পদের নাম	প্রাপ্ত আবেদনের সংখ্যা	সুপারিশকৃত প্রার্থীর সংখ্যা
১.	স্টেনোগ্রাফার/সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	৩৬৪৩	২৬
২.	সাঁটলিপিকার / স্টেনোগ্রাফার	৮১৫	১১
৩.	অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক	১২৭৫৯	৫৪
৪.	বেঞ্চ সহকারী	৮১৮০	৪৬
৫.	জারীকারক	৮৬০১	৫০
৬.	নিরাপত্তা প্রহরী	৬৬৫	০৬
৭.	গাড়িচালক	১২৮	০৬
৮.	অফিস সহায়ক	৭০৯৯	৫৭
মোট =		৪১৮৯০	২৫৬

২। কমিশন কর্তৃক বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে : ২০.১১.২০২৫ তারিখে জেলা জজ ও অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহে ০৬টি পদের বিপরীতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ২,৩১,২৫২ জন পরীক্ষার্থী অনলাইনে আবেদন দাখিল করে এবং কমিশন ধাপে ধাপে পরীক্ষা গ্রহণপূর্বক নিম্নছকে উল্লিখিত যোগ্য প্রার্থী সুপারিশ করে :

ক্রম	পদের নাম	আবেদনকারী	সুপারিশকৃত প্রার্থীর সংখ্যা
১.	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর	১১১৩১	১৮১ (যোগ্য প্রার্থী না পাওয়ায় সব শূন্যপদ পূরণ করা সম্ভব হয়নি)
২.	বেঞ্চ সহকারী	৪০৪৮২	৫৭
৩.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	৫৬৭১৪	৪১৭

ক্রম	পদের নাম	আবেদনকারী	সুপারিশকৃত প্রার্থীর সংখ্যা
৪.	গাড়িচালক	৬১৪৩	২৫
৫.	জারীকারক	৫৩২৯২	৫৬৫
৬.	অফিস সহায়ক	৬৩৪৯০	৩৯৬
মোট =		২৩১২৫২	১৬৪১

১৩.০৫.২০২৬ তারিখে কমিশন কর্তৃক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিমূলে বিভিন্ন পদের বিপরীতে মোট ১,৭২,৪৯৬ জন পরীক্ষার্থীর আবেদনের প্রেক্ষিতে ইতোমধ্যে গৃহীত পরীক্ষার সর্বশেষ অবস্থান নিম্নবর্ণিত ছকে উল্লেখ করা হলো

ক্রম	পদের নাম	আবেদনকারী	সুপারিশকৃত প্রার্থীর সংখ্যা	মন্তব্য
১.	সাঁটলিপিকার (জেলা ও দায়রা জজ আদালত)	৪৯১৫	৭৭	
২.	স্টেনোগ্রাফার (সিজেএম/সিএমএম আদালত)	৮৮০	২৩	
৩.	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (জেলা ও দায়রা জজ আদালত)	৬৭৯৩	---	ব্যবহারিক পরীক্ষা ১৬.০৯.২০২৬ হতে ২৭.০৯.২০২৬ তারিখ গ্রহণ করা হবে।
৪.	স্টেনোগ্রাফিস্ট/ সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (সিজেএম/সিএমএম আদালত)	৬০৫	---	
৫.	গাড়িচালক (জেলা ও দায়রা জজ আদালত)	২৯৯৪	১৩	
৬.	গাড়িচালক (সিজেএম/সিএমএম আদালত)	৭৩১	০২	
মোট =			১১৫	

উল্লেখ্য যে, ২০.১১.২০২৫ তারিখে কমিশন কর্তৃক নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের পর ১৩.০৯.২০২৬ তারিখ পর্যন্ত ১০ মাসের কম সময়ে বিভিন্ন পদে (২৫৬ + ১৬৪১ + ১১৫) = ২০১২ জন প্রার্থীকে নিয়োগ নিমিত্ত সুপারিশ করেছে।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এই নিয়োগ কার্যক্রম সম্পাদন করার জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করে চলেছে।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ সাইফুর রহমান মজুমদার)

উপসচিব

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়